গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি
(নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
www.naem.gov.bd

নং- ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০৮.২২/১৮২তম পার্ট-১/৯০০

তারিখ: ০১/০৭/১৪২৯ বঙ্গাব্দ
১৭/১০/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : ১৮২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৮ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ/২৪ অক্টোবর, ২০২২ খ্রিস্টাব্দ রোজ সোমবার হতে জাতীয় শিক্ষা ব্যবসৃহাপনা একাডেমি (নায়েম)- এ বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের ১৮২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁকে মনোনয়ন দেওয়া হয়েছে। কোর্সের প্রয়োজনীয় তথ্য ও নির্দেশাবলি নিচে দেওয়া হলো:

১। কোর্সে অংশগ্রহণের জন্য ০৭ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/২৩ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ রোজ রবিবার বিকাল ৩.০০ - ৫.০০টার মধ্যে প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্রসহ নায়েম-এর প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ানস্টপ সার্ভিস সেন্টার-এ রিপোর্ট করতে হবে;

২। রিপোর্টের সময় বিস্তারিত জীবন-বৃত্তান্ত (বাংলায় ও ইংরেজিতে পৃথকভাবে), সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং ১০/- (দশ) টাকা মূল্যমানের ৫ (পাঁচ)-টি রাজস্ব টিকেট সাথে আনতে হবে;

৩। প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণ চলাকালে নায়েম হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক। হোস্টেলে ব্যবহার্য লেপ, তোশক, বালিশ, মশারি কর্তৃপক্ষ সরবরাহ করবেন;

৪। সেশনকক্ষ ও অন্যান্য কর্মসূচিতে পুরুষ প্রশিক্ষণার্থীগণকে বাধ্যতামুলকভাবে সাদা ফুলহাতা শার্ট, কালো প্যান্ট, টাই অথবা সাদা পাঞ্জাবি, সাদা শেরওয়ানি, কালো ট্রাউজার এবং কালো জুতা (ফিতাসহ) পরিধান করতে হবে। মেস রজনী ও অতিথি রজনীতে কালো রংয়ের স্যুট পরিধান করতে হবে। পুরুষ প্রশিক্ষণার্থীগণ উদ্বোধনী অনুষ্ঠানে পরিধানের জন্য সাদা ফুলহাতা শার্ট, কালো প্যান্ট এবং কালো অক্সফোর্ড সু (ফিতাসহ) সঙ্গে আনবেন। পুরুষ প্রশিক্ষণার্থীদের টাই এবং অন্যান্য পোশাক প্রশিক্ষণে যোগদানের পর নির্ধারণ করা হবে।;

৫। নারী প্রশিক্ষণার্থীগণকে সেশনকক্ষ ও অন্যান্য কর্মসূচিতে অংশগ্রহণের জন্য কোর্সে যোগদানের অব্যবহিত পরেই কোর্স সমন্বয় কমিটির নির্দেশনা মোতাবেক ইউনিফরম তৈরি করতে হবে;

৬। শরীরচর্চা ও খেলাধুলার সময় অবশ্যই পুরুষ প্রশিক্ষণার্থীগণকে সাদা রংয়ের স্পোর্টস ট্রাউজার ও কলারসহ সাদা টি-শার্ট, সাদা মোজা, সাদা কেডস এবং নারী প্রশিক্ষণার্থীগণকে সাদা সালোয়ার-কামিজ এবং সাদা রঙের মোজা, সাদা কেডস পরিধান করতে হবে। প্রয়োজনে সকল অংশগ্রহণকারী সাদা ট্র্যাকস্যুট ব্যবহার করতে পারবেন;

৭। প্রশিক্ষণকালে প্রতি প্রশিক্ষণার্থীকে পোশাকভাতা বাবদ ১৫,০০০.০০ (পনেরো হাজার) টাকা, দৈনিক ৬০০.০০ (ছয়শত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা এবং প্রায় ২,০০০.০০ (দুই হাজার) টাকা মূল্যমানের বই প্রদান করা হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থী নিজ কর্মস্থল থেকে প্রশিক্ষণ কোর্সে (নায়েম) যোগদান ও প্রশিক্ষণ শেষে কর্মস্থলে যোগদান, শিক্ষাসফর, অফিস সংযুক্তি কার্যক্রম, নিজ গ্রাম সমীক্ষা ও বাংলাদেশকে জানো (Know Bangladesh) কার্যক্রমের জন্য যাতায়াত ও ভ্রমণভাতা (দৈনিক ভাতা বাদে) নিজ কর্মস্থল থেকে প্রাপ্য হবেন; উল্লেখ্য, অফিস সংযুক্তি কার্যক্রম, নিজ গ্রাম সমীক্ষা ও বাংলাদেশকে জানো' (Know Bangladesh) কার্যক্রমের জন্য দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন;

৮। কোর্সে যোগদানের সময় বিল প্রাপ্তির পূর্বে ব্যক্তিগত ব্যয় নির্বাহের জন্য (খাওয়া খরচ, হোস্টেল ইউটিলিটি চার্জ ইত্যাদি) কমপক্ষে ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ কোর্সে যোগদানের সময় কোর্স সমন্বয় কমিটির নিকট ৫০০.০০ (পাঁচশত) টাকা জামানত হিসেবে (যা পরে ফেরতযোগ্য) জমা দিতে হবে। এছাড়াও হোস্টেল সার্ভিস চার্জ বাবদ প্রতিদিন ৭০.০০ টাকা হারে ০৪ (চার) মাসে (৭০/-x১২০দিন) = ৮৪০০/- (আট হাজার চারশ) টাকা হোস্টেলে ওঠার সময় এককালীন পরিশোধ করতে হবে;

৯। কোর্সে প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণ ভাতা খাতে প্রতিদিনের জন্য বরাদ্দকৃত ৬০০.০০ (ছয়শত) টাকা থেকে প্রতি দিনের দুই বেলা খাবার, সকালের নাস্তা এবং সহপাঠক্রমিক কার্যক্রম ব্যবস্থাপনা ও আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করা হবে। এই অর্থের ব্যয় বিবরণী প্রস্তুত করে প্রশিক্ষণার্থী ও নায়েম অনুষদ সদস্যগণের সমন্বয়ে গঠিত বিভিন্ন কমিটির মাধ্যমে ব্যয় করা হবে;

১০। ইতঃপূর্বে এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে থাকলে অথবা বয়স ৫০ বছর বা তদূর্ধ্ব হলে এ কোর্সে যোগদান করার প্রয়োজন নেই;

১১। মনোনীত কোনো কর্মকর্তা গুরুতর অসুস্থ হলে কিংবা নারী কর্মকর্তা সন্তানসম্ভবা হলে কিংবা দুগ্ধপোষ্য শিশু থাকলে কিংবা সরকারি হাসপাতালে ভর্তি থাকলে মেডিকেল বোর্ডের সনদ পেশ করা সাপেক্ষে তাঁকে কোর্সে অংশগ্রহণ করা থেকে অব্যাহতি দেওয়া যেতে পারে। তবে এ সকল ক্ষেত্রে আগামী 02/10/২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অংশগ্রহণের অপারগতা জানিয়ে অধ্যক্ষ/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, নায়েম (info@naem.gov.bd) বরাবর আবেদনপত্র প্রেরণ করতে হবে। আবেদনপত্রের অনুলিপি 182ftc.naem@gmail.com-এ প্রেরণ করতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে অবহিত না করে কোর্সে অনুপস্থিত থাকলে তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা হবে;

১২। সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ২০১৮ এবং নায়েমের নিজস্ব নিয়ম-শৃঙ্খলা ও বিধি-বিধান অনুসরণে কোর্সটি পরিচালিত হবে। কোনো প্রশিক্ষণার্থী এর ব্যত্যয় ঘটালে বিধি মোতাবেক কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

১৩। মনোনীত সকল কর্মকর্তাকে আগামী ২১ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে ([http://www.naem.gov.bd → বুনিয়াদি কোর্স রেজিস্ট্রেশন বাটনে গিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে এবং রেজিস্ট্রেশন সফল হলে প্রিন্ট কপি সঙ্গে আনতে হবে (অনলাইন রেজিস্ট্রেশন সম্পর্কিত বিস্তারিত টেকনিক্যাল তথ্যের জন্য উক্ত সাইটের Instruction বাটনে ক্লিক করতে হবে) । প্রশিক্ষণ সংক্রান্ত অন্য কোনো তথ্য জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক জনাব আসমা আক্তার খাতুন, মোবাইল নম্বর ০১৭৩৪৯৩৩২৩৩ অথবা কোর্স সমন্বয়ক জনাব মো. মাহমুদুল আমিন, মোবাইল নম্বর- ০১৮১৯৪৭৬৩১২ এবং কোর্স সমন্বয়ক ড. মো. হারুনুর রশীদ, মোবাইল নম্বর- ০১৭১৩০৪৬০৭৩ যোগাযোগ করা যেতে পারে;

১৪। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ-এর মনোনয়ন অনুযায়ী এ পত্র জারি করা হলো। সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীগণ কোর্সে অংশগ্রহণের জন্য ২০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ রোজ বৃহস্পতিবার থেকে কর্মরত প্রতিষ্ঠান হতে বিমুক্ত বলে গণ্য হবেন;

১৫। প্রশিক্ষণার্থীগণ ব্যক্তিগত ল্যাপটপ সঙ্গে আনবেন।

17.10.22
(প্রফেসর ড. তাহসিনা আক্তার)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)
ফোন:৫৫১67530
e-mail#info@naem.gov.bd

প্রাপক: ....
....

নং- ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০৮.২২/১৮২তম পার্ট-১/৩৩

তারিখ: ০১/০৭/১৪২৯ বঙ্গাব্দ
১৭/১০/২০২২ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

1. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
2. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন / প্রশিক্ষণ ও বাস্তবায়ন / গবেষণা ও তথ্যায়ন / প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা
3 চেয়ারম্যান/ অধ্যক্ষ/ প্রকল্প পরিচালক / পরিচালক/ উপপরিচালক --- মনোনীত কর্মকর্তাকে যথাসময়ে অবমুক্ত করার জন্য তাকে অনুরোধ করা হলো (সংশ্লিষ্ট কর্মকর্তা ইতোমধ্যে অন্যত্র বদলি হয়ে থাকলে নতুন ঠিকানায় তাকে জানিয়ে দেওয়ার অনুরোধসহ)।
4. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ (তালিকাটির PDF কপি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রধান হিসাবরক্ষণ অফিসার, শিক্ষা মন্ত্রণালয় ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৭. জেলা/ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ---
8. প্রোগ্রামার, নায়েম (আমন্ত্রণপত্র ও তালিকাটি নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
9. ব্যক্তিগত সহকারি, মহাপরিচালক, নায়েম
10. অফিস কপি

১৭/১০/২০২২

(মো. লুৎফর রহমান)
কোর্স পরিচালক
মোবাইল:০১৭১২২৪১৫৪১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশিক্ষণ শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.৬২.১৯.২২-৬৭৯ তারিখ: ১৩.১০.২০২২ খ্রি.

বিষয়ঃ ১৮২ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন সংক্রান্ত।

সূত্রঃ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী এর স্মারক নং- ৩৭.০৪.২৬৬৩.২০০.০৫.০০৬.১৫-বুনিয়াদী প্রশিক্ষণ/৮৪৬ তারিখ-১২/১০/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ঢাকার সার্বিক তত্ত্বাবধানে সূত্রোক্ত স্মারক মোতাবেক ১৮২তম, ১৮৩তম ও ১৮৪ তম বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স অনিবার্য কারণ বশতঃ আয়োজন করা সম্ভব না হওয়ায় ১৮২ তম বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সে মনোনীত প্রশিক্ষণার্থীদের আগামী ২৪/১০/২০২২খ্রি. হতে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী (এন এ পিডি), নীলক্ষেত, ঢাকা এর পরিবর্তে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের লক্ষ্যে বিসিএস (সাধারন শিক্ষা) ক্যাডারের বিভিন্ন ব্যাচের কর্মকর্তাদের মধ্য হতে (পুরুষ-৯২ জন + মহিলা-২৮ জন)=১২০ জন প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান করা হলো।

উল্লেখ্য যে, মনোনীত প্রশিক্ষর্ণার্থীদের মধ্যে কোন কর্মকর্তার বিরুদ্ধে আদালতে কোন মামলা চলমান থাকলে কিংবা সাময়িক বরখাস্ত অবস্থায় থাকলে উক্ত কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে না।

এমতাবস্থায়, বর্ণিত মনোনীত প্রশিক্ষণার্থীদের তালিকা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি-প্রশিক্ষণার্থীদের তালিকা – ০৬ প্রস্থ।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

মহাপরিচালক
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম)
শিক্ষা মন্ত্রণালয়, ধানমন্ডি, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ- পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.৬২.১৯.২২-৬৭৯/০৮ তারিখ: ১৩.১০.২০২২ খ্রি.
অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে:

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। অধ্যক্ষ, ...।
০৪। উপ-পরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৫। কোর্স পরিচালক, ১৮২ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, নায়েম, ঢাকা। প্রশিক্ষণে যোগদানকারী প্রশিক্ষণার্থীদের তালিকা উপরোল্লিখিত ছক মোতাবেক পরিচালক (প্রশিক্ষণ), মাউশি অধিদপ্তর, ঢাকা-এর বরাবর প্রেরণের অনুরোধ সহ।
০৬। জনাব ....।
০৭। পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৮। সংরক্ষণ নথি।

১৩/১০/22
(মোঃ আনোয়ারুল আউয়াল খান)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।